শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# ২৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
## রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।

www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০. তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ১৪/১২/২০২২ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা আগামী ১৫/১২/২০২৩ ইং তারিখ রাত ০৮.০০ টায় কমিটির সভাপতি এবং ২৪ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর-২৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর
২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

........................
........................
........................

স্মারক নং- ৪৬.১৮.০০০০. তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ১৪/১২/২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ (সদয় অবগতি এবং কার্যার্থে ):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর-২৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর
২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

২৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০. | তারিখঃ ১৫/১২/২০২৩ খ্রিষ্টাব্দ (১৪৩০ বঙ্গাব্দ)

**রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-২৪ নং ওয়ার্ড**
**১ম সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ রফিকুল আলম, কাউন্সিলর, ২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন।

পরিচালনায় : মোঃ রাকিবউজ্জামান আবির, ওয়ার্ড সচিব/উদ্যোক্তা
২৪ নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন।

সভার স্থান : ২৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।
জি এল রায় রোড, রংপুর সিটি কর্পোরেশন।

সময় : রাত ০৮.০০ টা

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা “পরিশিষ্ট ক”

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে সালাম ও স্বাগত জানান। সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। কমিটির সকল সদস্যগণকে নিজের পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজের পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। অতপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করার জন্য ওয়ার্ড সচিবকে অনুরোধ জানান।

ওয়ার্ড সচিব জনাব মোঃ রাকিবউজ্জামান আবির সভা কার্যক্রম শুরু করেন। তিনি ওয়ার্ডলেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) গঠনের মূল উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত কমিটির সদস্যগণকে অবহিত করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রমসমূহ এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হবে। এবং এই কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনের প্রান্তিক পর্যায়ের নাগরিকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে।

ওয়ার্ড সচিব ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর রুপরেখা তুলে ধরেন তিনি বলেন জাইকার সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন-সিফোরসি প্রকল্পের মাধ্যমে গঠিত হয় এই ডব্লিউএলসিসি কমিটি’ তিনি আরো বলেন এই কমিটিতে কাউন্সিলর মহোদয় সভাপতি, ওয়ার্ড সচিব সদস্য সচিব সদস্য হিসেবে রয়েছেন বিভিন্ন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক/ সাংস্কৃতিক/যুব সংগঠনের প্রতিনিধি, সুশীল সমাজ, বেসরকারী খাত (শিল্প ও বানিজ্য), নারী প্রতিনিধি রয়েছেন।

অতঃপর ওয়ার্ড সচিব উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে উন্মুক্ত আলোচনা করার আহবান জানালে নিম্নরুপ আলোচনা হয়

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন, নাজমুল করিম ডলার, সদস্য, রংপুর মহানগর আওয়ামী-লীগ, যুগ্ম-সাধারণ সম্পাদক, কোতয়ালী থানা আওয়ামী-লীগ, তিনি বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর নেতৃত্বে দেশের মানুষ এখন ক্ষুধা ও দারিদ্র মুক্ত। রংপুর নগরীর উন্নয়ন এর জন্য নগরবিদ দিয়ে দীর্ঘমেয়াদী পরিকল্পনা করে উন্নয়ন করা।

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন বিশিষ্ট সমাজ সেবক ফারিকুল আলম। তিনি রংপুর সিটি কর্পোরেশনের মাধ্যমে সামাজিক উন্নয়নমুলক কর্মকান্ডকে আরো গতিশীল করতে এবং দারিদ্র জনগোষ্ঠির শিক্ষা, স্বাস্থ্য, কৃষি ও সামাজিক উন্নয়ন কর্মসুচির মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠির জীবনমান উন্নয়নের জন্য অনুরোধ করেন।

- মোঃ ইউনুস, সাংবাদিক, দৈনিক একুশে সংবাদ, তিনি বলেন, নগরীতে রাস্তার পাশের অবৈধ স্থাপনা উচ্ছেদে রংপুর সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর মাধ্যমে অভিযান পরিচালনা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ জানান এবং বাল্য বিবাহ, মাদক সহ বিভিন্ন সামাজিক ব্যধি সম্পর্কিত ব্যপারে জনগনকে সচেতন করতে সকলকে অনুরোধ জানান। তিনি আরও বলেন দেশকে উন্নত করতে হলে সবার আগে দেশের মানুষকে সচেতন করতে হবে।এবং নাগরিক সেবা সম্পর্কে সকলকে সচেতন করতে হবে।

- বিশিষ্ট সমাজ সেবক জনাব গৌতম সরকার বলেন, কেবল বস্তুগত উন্নয়ন নয়, উন্নয়নে মানবিক দিকগুলোকেও প্রাধান্য দিতে হবে। তিনি শিক্ষা খাতে বিনিয়োগে পরামর্শ দেন, যাতে ভবিষ্যৎ প্রজন্ম উন্নয়ন কার্যক্রমের সবচেয়ে বড় সুফলভোগী হয়। স্বাস্থ্য কার্যক্রমেও প্রসার ঘটাতে তিনি পরামর্শ দেন। তাহলে প্রত্যাশিত আগামী প্রজন্ম সুশিক্ষিত, সুস্বাস্থ্যবান হবে।

- নিম্ন আয়ের প্রতিনিধি জনাব মোঃ খোরশেদ জানান, ওয়ার্ড এর বর্জ্য ব্যবস্থাপনা ও পয়ঃনিস্কাশন ব্যবস্থা আরও জোরদার করে সময় মতো ওয়ার্ড এর বর্জ্য পরিস্কার করাতে হবে এবং নিয়মিত ড্রেন সমূহ পরিস্কার করতে হবে এবং বিভিন্ন গলি সমূহে নতুন করে রাস্তা ও দৈনন্দিন ব্যবহার্য পানি নিস্কাশনের জন্য নতুন ড্রেন নির্মান করা

- নারী প্রতিনিধি মোছাঃ আইরিন আলম জানান, ওয়ার্ড এর বস্তি এলাকা সমূহে নারী শিক্ষার প্রসার করতে হবে এবং তাদের নিরাপদ পানি ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করাতে হবে এবং নাগরিক সুবিধা সম্পর্কে তাদেরকে অবগত করতে হবে।

- বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ রেজাউল করিম জানান, দেশের প্রধান সমস্যা গুলোর মধ্যে অন্যতম হচ্ছে মাদক সমস্যা। মাদক সমস্যা নিরসনে এলাকার যুব সমাজকে সচেতন করতে হবে এবং তাদেরকে বিভিন্ন রকম সামাজিক কর্মকান্ড ও খেলাধলার প্রতি আগ্রহী করতে হবে।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | বর্জ্য ব্যবস্থাপনায় পরিচ্ছন্নতা কর্মিকে সহযোগীতা করার জন্য সদস্যগণকে জনগনের মাঝে প্রচারের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। | |
| ০২ | জনগনের চলাচলের সুবিধা নিশ্চিত করার জন্য ফুটপাতে অবৈধ স্থপনা ও ফুটপাত অবৈধ দখনমুক্ত করার জন্য ব্যবস্থা গ্রহন করা। গলি সমূহে নতুন ড্রেন নির্মনের জন্য সিটি কর্পোরেশনের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন। | |
| ০৩ | পিছিয়ে পরা জনগোষ্ঠীকে নাগরিক সেবা সম্পর্কে জানানো এবং তাদের সকল সুযোগ সুবিধা নিশ্চিত করা। | |
| ০৪ | নাগরিক পরিষেবার উন্নতিতে সকল শ্রেণি পেশার প্রতিনিধিদের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে মতামত গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়েছে। | |
| ০৫ | নাগরিকদের বিভিন্ন সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানে মতামতের উপর ভিত্তি করে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর মাধ্যমে সকল প্রকল্প প্রস্তাব গ্রহণ এবং বাস্তবায়নের বিষয়ে সকলে জানানো। | |
| ০৬ | বস্তি এলাকায় নিরাপদ পানি পান সম্পর্কে জনগনকে সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর মাধ্যমে সচেতন করা এবং এলাকার যুবসমাদকে মাদক এর প্রতি নিরুৎসাহিত করা। | |

পরিশেষে এ কমিটির (WLCC) সদস্যদের পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর-২৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর
২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

স্মারক নং:- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
২৫/১২/২০২২ খ্রিষ্টাব্দ

**অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।

৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।

৪। অফিস নথি।

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর-২৪ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি- ২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

মোঃ রফিকুল আলম
কাউন্সিলর
২৪ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।

২৪ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

**স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা**

সভার তারিখঃ ১৫/১২/২০২৩ খ্রী.

| ক্রম | কমিটির সদস্যগণের নাম লিখবেন | পেশা | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ রফিকুল আলম | কাউন্সিলর | সভাপতি | |
| ০২ | মোছাঃ হাসনা বানু | সংরক্ষিত মহিলা কাউন্সিলর | সহ- সভাপতি | |
| ০৩ | মোঃ খোরশেদ | নিম্ন আয়ের প্রতিনিধি | সদস্য | খোরশেদ |
| ০৪ | শ্রী বুদারু | নিম্ন আয়ের প্রতিনিধি | সদস্য | বুদারু |
| ০৫ | মোঃ ফারিকুল আলম | সুশীল সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৬ | নাজমুল কবির ডলার | সুশীল সমাজ প্রতিনিধি | সদস্য | |
| ০৭ | গৌতম সরকার | সুশীল সমাজ প্রতিনিধি | সদস্য | গৌতম |
| ০৮ | মোছাঃ জয়নব বেগম | এনজিও প্রতিনিধি | সদস্য | জয়নব |
| ০৯ | মোছাঃ জুলেখা খাতুন | এনজিও প্রতিনিধি | সদস্য | জুলেখা |
| ১০ | মোঃ রফিকুল ইসলাম | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য | |
| ১১ | মোঃ জাহাঙ্গীর হোসেন লিখন | পেশাজীবি সংগঠনের প্রতিনিধি | সদস্য | লিখন |
| ১২ | ফারহানা আফরোজ | সামাজিক/ সাংস্কৃতিক/ যুব/ক্রীড়া সংগঠনের প্রতিনিধি | সদস্য | ফারহানা |
| ১৩ | মোঃ হারুন | সামাজিক/ সাংস্কৃতিক/ যুব/ক্রীড়া সংগঠনের প্রতিনিধি | সদস্য | Harun |
| ১৪ | মোছাঃ আইরিন আলম | নারী প্রতিনিধি | সদস্য | আইরিন আলম |
| ১৫ | মোছাঃ লিপা বেগম | নারী প্রতিনিধি | সদস্য | লিপি |
| ১৬ | রেজাউল করিম | মুক্তিযোদ্ধা প্রতিনিধি | সদস্য | রেজাউল |
| ১৭ | মোঃ ইউনুস | গনমাধ্যম প্রতিনিধি | সদস্য | ইউনুস |
| ১৮ | মোঃ রাকিবউজ্জামান আবির | ওয়ার্ড সচিব/উদ্যোক্তা | সদস্য- সচিব | Abir |


লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভা
পরিচালনা ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০৩০
সভাপতি
জনাব মোঃ রফিকুল আলম
কাউন্সিলর, ওয়ার্ড নং: ২৪
রংপুর সিটি কর্পোরেশন
আয়োজনে : রংপুর সিটি কর্পোরেশন